

২খ. ‘আমার চেতনা জুড়ে খুঁটে খায় পরস্পরবিরোধী আহাৰ।’ কবি আল মাহমুদের ‘প্রকৃতি’ পর্যবেক্ষণে এই পঙ্ক্তিটি কীভাবে গুরুত্বপূর্ণ হয়ে ওঠে তা ‘প্রকৃতি’ কবিতাটি আলোচনা প্রসঙ্গে ব্যাখ্যা করো। ১০

অথবা

২গ. ‘রেড রোডে রাত্রিশেষ’ কবিতায় ‘অন্ধকার’ আর ‘রাত্রি’ বারবার ঘুরে ফিরে আসে। যদিও কবিতার নাম ‘রাত্রিশেষ’। এ বিষয়ে তোমার মতামত দাও। ১০

৩ক. আনোয়ার ও আদিনার দাম্পত্য প্রেমের গল্পটি কখন, কীভাবে ‘পানকৌড়ির রক্ত’ হয়ে উঠেছিল, পাঠ্য গল্প অবলম্বনে তা বিশ্লেষণ করো।

অথবা

৩খ. ‘অনন্য পৃথিবী’ গল্পে জালিনের মৃত্যুর জন্য কে দায়ী? গল্পের নায়ক তাকে কেন ‘জ্বলন্ত’ ‘অগ্নিময় পৃথিবী’ হিসেবে কল্পনা করেছিলেন, তা ব্যাখ্যা করো। ১০

৪ক. ‘চিলেকোঠার সেপাই’ উপন্যাসে ওসমান ও আনোয়ার দুজনেই কি নিজেদের তৈরি করা অদৃশ্য পিঞ্জরের বাসিন্দা? তোমার অভিমত দাও। ১০

অথবা

৪খ. খিজির ও চেংটু কি বিপরীত মেরুর চরিত্র? দুজনের শ্রেণি চরিত্র বিশ্লেষণ করে তোমার সিদ্ধান্ত জানাও। ১০

স্নাতকোত্তর অন্ত্য-সিমেন্টার পরীক্ষা, ২০১৮  
(দ্বিতীয় বর্ষ, চতুর্থ সিমেন্টার)

বাংলা

বাংলাদেশের সাহিত্য

কোর্স পি.জি - ৪.৩

সময় ২ ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১ক. একুশের চেতনা বাঙালির জতিসত্তাকে নতুন করে উন্মোচিত করেছিল। যে একুশে ফেব্রুয়ারি ছিল প্রতিরোধের প্রতীক, সেই একুশ বাঙালিকে এগিয়ে দিয়েছিল ভাষাভিত্তিক জাতি-রাষ্ট্র গঠনের দিকে – যুক্তিসহ মন্তব্যটি ব্যাখ্যা করো। ১০

অথবা

১খ. “এ দেশের সাংস্কৃতিক আন্দোলনের বর্তমান পর্যায়কে তাই নিশ্চিত মনে বলা চলে মুসলমান বাঙালি মধ্যবিত্তের স্বদেশ প্রত্যাভর্তন।” – পাঠ্য প্রবন্ধ অবলম্বনে মন্তব্যটি বিশ্লেষণ করো। ১০

২ক. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের জন্মের বছর আগে থেকেই ‘স্মৃতি’ ও ‘কিংবদন্তী’র আশ্রয়ে একটু একটু করে তৈরি হচ্ছিল ‘বাংলাদেশের কবিতা’। তোমার পড়া কবিতার কথা বিবেচনায় রেখে মন্তব্যটি বিশ্লেষণ করো। ১০

অথবা